147

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 31 JUL 1995
পৃষ্ঠা 7 কলাম 6

# এসএসসি পরীক্ষার ফল প্রকাশ পিছিয়ে গেল—

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** দেশের চার শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ৩ থেকে ১০ আগস্টের মধ্যে প্রকাশিত হতে পারে। এবার চার বোর্ডের ফল একই

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## এসএসসি পরীক্ষার

(প্রথম পাতার পর)

দিনে প্রকাশিত হচ্ছে না। বিস্তারিত ফল পাঠানো হবে না গণমাধ্যমগুলোতে। তাই সংশ্লিষ্ট কেন্দ্র ও [illegible] থেকে পরীক্ষার্থীদের ফল সংগ্রহ করতে হবে। এ খবর নির্ভরযোগ্য সূত্রের।

জানা যায়, এ বছর ফল প্রকাশের উদ্যোগ নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। ত্রুটিমুক্ত ফল প্রকাশ ও সমালোচনা এড়ানোর জন্য ভালভাবে ফল যাচাই-বাছাই করা হচ্ছে। এ কারণে জুলাইয়ের শেষ সপ্তাহে ফল প্রকাশের মানসিক প্রস্তুতি নেয়া হলেও তা সম্ভব হয়নি।

এদিকে চার বোর্ডে পৃথক পৃথকভাবে যোগাযোগ করে কোন নির্দিষ্ট তারিখ জানা যায়নি। তবে বিভিন্ন বোর্ড সূত্র ৩ আগস্ট থেকে ১০ আগস্টের মধ্যে ফল প্রকাশের আভাস দিয়েছে। বড় ধরনের কোন জটিলতা সৃষ্টি না হলে এ সময়ের মধ্যে পৃথক পৃথক দিনে চার বোর্ডের ফল প্রকাশিত হবে বলে জানা গেছে।